দৈনিক জনকণ্ঠ 100

তারিখ ... MAY 31 [illegible]
পৃষ্ঠা ... 2 ... কলাম ...

# অনার্সে ভর্তির দলীয় কোটা দাবিতে রাজশাহী কলেজে আবার হামলা ভাংচুর ॥ সংঘর্ষে ছাত্র শিক্ষক পুলিশ আহত

রাজশাহী, ৩০ মে (নিজস্ব সংবাদদাতা) ॥ রাজশাহী কলেজে অনার্সে ভর্তির দলীয় কোটার দাবিতে রবিবার তৃতীয় বারের মতো হামলা ও ভাংচুরের ঘটনা ঘটেছে। দু'দফা হামলায় কলেজ অধ্যক্ষের অফিস, শিক্ষকদের কমন রুম এবং গ্যারেজে রাখা ছাত্রদের ৫০টি বাইসাইকেল ভাংচুর করা হয়। পুলিশ জানায়, হামলা ও ভাংচুরে নিয়োজিত একটি ছাত্র সংগঠনের উচ্ছৃঙ্খল কর্মীদের বাধা দিলে পুলিশের সাথে সংঘর্ষ বেধে যায়। এতে হামলা ও ভাংচুরকারীদের নিক্ষিপ্ত ককটেল বোমা ও ইটপাটকেলের আঘাতে ৮ জন পুলিশ আহত হয়েছে বলে পুলিশের পক্ষ থেকে দাবি করা হয়। তবে পুলিশ কয়েক রাউন্ড টিয়ারগ্যাস সেল নিক্ষেপ করার কথাও স্বীকার করে।

পুলিশ ও কলেজ কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রথম বর্ষ অনার্সে রাজশাহী কলেজে ভর্তির কোটা দাবি কলেজ কর্তৃপক্ষ পূরণ না করায় এই হামলা চালানো হয়। রবিবার সকালে প্রথম বর্ষের ছাত্রছাত্রীরা ফরম পূরণের জন্য কলেজ অফিসে উপস্থিত হলে ছাত্রলীগের এক নেতার নেতৃত্বে আকস্মিকভাবে ককটেল ও বোমা ফাটিয়ে আতঙ্কের সৃষ্টি করা হয়। এ সময় ফরম পূরণরত ছাত্রছাত্রীরা ফরম পূরণ না করেই কলেজ ক্যাম্পাস ত্যাগ করে। রবিবার থেকে শুরু হয়ে ফরম পূরণ পরবর্তী ৭ দিন চলার কথা ছিল।

এদিকে "অবৈধ" ভর্তি কোটার দাবিতে চলতি মাসের ১২ ও ২৪ তারিখে কলেজে আরও দু'বার হামলা করে ছাত্রলীগ কর্মীরা। রবিবারের হামলা ও পরবর্তীতে পুলিশের সাথে সংঘর্ষে ১৫ জন ছাত্র আহত হয় এবং এক শিক্ষকের মাথা ফেটে যায়। তবে কলেজ অধ্যক্ষ আহত ছাত্র ও শিক্ষকের নাম জানাতে পারেননি। পুলিশ জানায়, এই হামলার সাথে জড়িত এক ছাত্রকে গ্রেফতার করা হয়েছে। এ ব্যাপারে বোয়ালিয়া থানায় হামলা হয়েছে। কলেজের সার্বিক কাজকর্ম বন্ধ করে দেয়া হয়েছে।